

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
অর্থ মন্ত্রণালয়  
অভ্যন্তরীণ সম্পদ বিভাগ

[ মূল্য সংযোজন কর ও সম্পূরক শুল্ক ]

প্রজ্ঞাপন

তারিখ: ১৬ আষাঢ়, ১৪২৬ বঙ্গাব্দ / ৩০ জুন, ২০১৯ খ্রিস্টাব্দ।

এস.আর.ও. নং-২৪০-আইন/২০১৯/৭৬-মুসক।— মূল্য সংযোজন কর ও সম্পূরক শুল্ক আইন, ২০১২ (২০১২ সনের ৪৭ নং আইন) এর ধারা ১২৬ এর উপ-ধারা (১) এ প্রদত্ত ক্ষমতাবলে, সরকার Customs Act, 1969 (IV of 1969) এর First Schedule এর কলাম (1) এর শিরোনাম সংখ্যা (Heading No.) 96.19 এর বিপরীতে কলাম (2) এ উল্লিখিত সামঞ্জস্যপূর্ণ নামকরণ কোড (H.S. Code) 9619.00.00 এর বিপরীতে কলাম (3) এ বর্ণিত স্যানিটারি ন্যাপকিন ও ডায়াপার, অতঃপর উক্ত পণ্য বলিয়া উল্লিখিত, স্থানীয়ভাবে উৎপাদনের লক্ষ্যে উক্ত পণ্য উৎপাদনে ব্যবহৃত নিম্নোক্ত টেবিলে বর্ণিত কাঁচামালসমূহ কেবলমাত্র আমদানির ক্ষেত্রে উহাদের উপর আরোপণীয় সমুদয় মূল্য সংযোজন কর (আগাম কর ব্যতীত) ও সম্পূরক শুল্ক (প্রযোজ্য ক্ষেত্রে) হইতে শর্তসাপেক্ষে অব্যাহতি প্রদান করিল, যথা:-

টেবিল

শিরনামা সংখ্যা (Heading No.)	সামঞ্জস্যপূর্ণ নামকরণ কোড (H.S Code)	পণ্যের বিবরণ (Description)
(১)	(২)	(৩)
৩৯.১৯	৩৯১৯.৯০.৯১	রি-সীল/সেলফ এডহেসিভ টেপ
৩৯.২০	৩৯২০.১০.২০	লেমিনেটেড সীট, ফিল্ম ও ফয়েল
৩৯.২১	৩৯২১.৯০.১১	অন্যান্য সীট, ফিল্ম ও ফয়েল (প্রিন্টেড)
৪৮.২৩	৪৮২৩.৯০.৯৪	এয়ার লেইড পেপার
৫৬.০৩	৫৬০৩.১২.১০	টেক্সটাইল ব্যাকসীট (এডিএল)
	৫৬০৩.১৩.১০	ইলাস্টিক ব্যাক ইয়ার/ইলাস্টিক ওয়েইস্ট ব্যান্ড
৫৯.০৩	৫৯০৩.৯০.৯০	নীট লুপ টেপ

**শর্তাবলি:**

- (ক) উক্ত পণ্য উৎপাদনকারী প্রতিষ্ঠানে ডায়াপার ও স্যানিটারি ন্যাপকিন উৎপাদনের লক্ষ্যে তদসংশ্লিষ্ট মেশিনারীজ কারখানা অজ্ঞানে স্থাপিত থাকিতে হইবে;
- (খ) প্রতিষ্ঠানের ন্যূনতম বিনিয়োগের পরিমাণ অনূন ৭৫ (পঁচাত্তর) কোটি টাকা হইতে হইবে;
- (গ) প্রতিষ্ঠানের নিজস্ব টেস্টিং ল্যাব থাকিতে হইবে;
- (ঘ) প্রতিষ্ঠানের অনুকূলে পরিবেশ অধিদপ্তর কর্তৃক প্রদত্ত ছাড়পত্র থাকিতে হইবে;
- (ঙ) উক্ত পণ্য উৎপাদনকারী প্রতিষ্ঠানকে 'পরিশিষ্ট-ক' মোতাবেক বিভাগীয় কর্মকর্তার নিকট মূল্য সংযোজনের স্বপক্ষে একটি ঘোষণা দাখিল করিতে হইবে এবং উক্ত ঘোষণার ভিত্তিতে কমপক্ষে ৩০ (ত্রিশ) শতাংশ মূল্য সংযোজন করিতে হইবে;
- (চ) উক্ত পণ্য উৎপাদনকারী প্রতিষ্ঠানে কর্মরত বাংলাদেশি জনবলের সংখ্যা অনূন ২৫০ (দুইশত পঞ্চাশ) জন হইতে হইবে।

২। এই প্রজ্ঞাপনে উল্লিখিত অব্যাহতির সুযোগ গ্রহণের জন্য উক্ত পণ্য উৎপাদনকারী প্রতিষ্ঠানকে অনুচ্ছেদ ১ এ উল্লিখিত শর্তাবলি পরিপালন করা হইবে মর্মে ৩০০ (তিনশত) টাকার নন-জুডিসিয়াল স্ট্যাম্পে অজীকারনামা প্রদানপূর্বক আনুষঙ্গিক দলিলাদিসহ জাতীয় রাজস্ব বোর্ড, অতঃপর বোর্ড বলিয়া উল্লিখিত, এর নিকট আবেদন করিতে হইবে।

৩। অনুচ্ছেদ ২ এর অধীন প্রাপ্ত আবেদন বিবেচনার জন্য নিম্নরূপ একটি কমিটি থাকিবে, যথা:-

(ক)	দ্বিতীয় সচিব (মুসক), জাতীয় রাজস্ব বোর্ড, ঢাকা	আহ্বায়ক
(খ)	সংশ্লিষ্ট বিভাগীয় কর্মকর্তা	সদস্য
(গ)	সংশ্লিষ্ট মুসক সার্কেল এর রাজস্ব কর্মকর্তা	সদস্য সচিব।

৪। অনুচ্ছেদ ৩ এ উল্লিখিত কমিটি সংশ্লিষ্ট প্রতিষ্ঠান পরিদর্শনপূর্বক উহার পরিদর্শন প্রতিবেদন বোর্ডে দাখিল করিবে।

৫। অনুচ্ছেদ ৪ এর অধীন প্রতিবেদন প্রাপ্তির পর, বোর্ড প্রতিবেদন বিবেচনাপূর্বক, এই প্রজ্ঞাপনের শর্তাবলি যথাযথভাবে প্রতিপালিত হইয়াছে মর্মে সন্তুষ্ট হইলে, উক্তরূপ প্রতিবেদন প্রাপ্তির ৩০ (ত্রিশ) দিনের মধ্যে উক্ত পণ্য উৎপাদনকারী প্রতিষ্ঠানকে অনুচ্ছেদ ১ এ উল্লিখিত অব্যাহতি প্রদান করিতে পারিবে।

৬। এই প্রজ্ঞাপনের উদ্দেশ্যপূরণকল্পে কোনো উৎপাদনকারীকে মূল্য সংযোজন কর ও সম্পূরক শুল্ক আইন, ২০১২ এর ধারা ৫১, ৫৩, ৫৪, ৬৪ ও ১০৭ এবং মূল্য সংযোজন কর ও সম্পূরক শুল্ক বিধিমালা, ২০১৬ এ উল্লিখিত মূল্য সংযোজন কর সংক্রান্ত হিসাবরক্ষণসহ কর চালানপত্র ও দাখিলপত্রের যাবতীয় আনুষ্ঠানিকতা প্রতিপালন করিতে হইবে।

৭। অনুচ্ছেদ-১ এর শর্তাদি পূরণ সাপেক্ষে অব্যাহতিপ্রাপ্ত হইলেও সংশ্লিষ্ট প্রতিষ্ঠান অনুচ্ছেদ-৬ এর শর্ত পরিপালন করিতে ব্যর্থ হইলে এই অব্যাহতি সুবিধা প্রাপ্য হইবে না।

৮। অনুচ্ছেদ ৫ এর অধীন অব্যাহতিপ্রাপ্ত পণ্য উৎপাদনকারী প্রতিষ্ঠান এই প্রজ্ঞাপনে বর্ণিত শর্তাবলি যথাযথভাবে পরিপালন করিতেছে কিনা উহা অনুসন্ধানের জন্য বোর্ড প্রয়োজনীয় পদক্ষেপ গ্রহণ করিতে পারিবে।

৯। অনুচ্ছেদ ৮ এর অধীন অনুসন্ধানের প্রেক্ষিতে যদি প্রতীয়মান হয় যে, সংশ্লিষ্ট প্রতিষ্ঠান কর্তৃক এই প্রজ্ঞাপনের কোনো শর্ত প্রতিপালিত হইতেছে না তাহা হইলে উহার বিরুদ্ধে Customs Act, 1969 ও মূল্য সংযোজন কর ও সম্পূরক শুল্ক আইন, ২০১২ এর বিধান অনুযায়ী আইনানুগ ব্যবস্থা গ্রহণ করা যাইবে এবং অনুচ্ছেদ ৫ এর অধীন প্রদত্ত অব্যাহতির সুবিধা বাতিল করিবার লক্ষ্যে বোর্ডে সুনির্দিষ্ট কারণ উল্লেখপূর্বক সুপারিশপত্র প্রেরণ করিলে বোর্ড উক্ত সুবিধা তাৎক্ষণিকভাবে বাতিল করিতে পারিবে।

১০। এই প্রজ্ঞাপনের কার্যকারিতা ০১ জুলাই, ২০১৯ খ্রিস্টাব্দ তারিখ হইতে ৩০ জুন, ২০২১ খ্রিস্টাব্দ তারিখ পর্যন্ত বলবৎ থাকিবে।

পরিশিষ্ট-ক

- ১। করদাতার নাম:  
 ২। ঠিকানা:  
 ৩। ব্যবসায় সনাক্তকরণ সংখ্যা:  
 ৪। ঘোষণার তারিখ :

ক্রমিক সংখ্যা	পণ্যের সামঞ্জস্যপূর্ণ নামকরণ কোড (HS Code)	উৎপাদিত পণ্যের নাম ও বিবরণ (প্রযোজ্য ক্ষেত্রে ব্র্যান্ড নেম সহ)	সরবরাহ/বিক্রয়ের একক	পণ্য উৎপাদনে ব্যবহার্য উপকরণ/কীচামাল এবং প্যাকিং সামগ্রীর নাম ও বিবরণ	একক পণ্য উৎপাদনে ব্যবহার্য অপচয়সহ উপকরণ/কীচামাল ও প্যাকিং সামগ্রীর পরিমাণ (অপচয়ের বন্ধনীর মধ্যে আলাদাভাবে উল্লেখ করিতে হইবে)	কলাম (৬) এ বর্ণিত উপকরণ বা প্যাকিং সামগ্রীর মূল্য (আমদানিকৃত হলে শুল্কায়নযোগ্য মূল্য+শুল্ক+সম্পূরক শুল্ক+এলসি ফি+অবকাঠামো উন্নয়ন সারচার্জ/স্থানীয় উৎপাদিত হইলে সম্পূরক শুল্কসহ মোট ক্রয়মূল্য (প্রদত্ত মসক ব্যতীত)/আবগারি পণ্য হইলে আবগারি শুল্কসহ মোট মূল্য/ মসক অব্যাহতিপ্রাপ্ত হইলে মোট ক্রয়মূল্য)	মূল্য সংযোজনের খাত/ আইটেমের নাম	প্রতি একক পণ্য মূল্য কলাম (৮) এ উল্লিখিত প্রতিটি আইটেম বা খাতের অবদান/মূল্য সংযোজনের পরিমাণ	সম্পূরক শুল্ক আরোপযোগ্য মূল্য (যদি বিবেচ্য পণ্যের উৎপাদন পর্যায়ে সম্পূরক শুল্ক প্রযোজ্য থাকে) [কলাম (৭) ও (৯) এর যোগফল]		কলাম (১১) এ প্রস্তাবিত মূল্যের উপর সম্পূরক শুল্কের পরিমাণ	মসক আরোপযোগ্য মূল্য [কলাম (১১)+ কলাম (১২)]		শুল্ক ও করসহ বিক্রয়মূল্য	
									বর্তমান	প্রস্তাবিত		বর্তমান	প্রস্তাবিত	পাইকারী	মুদ্রিত খুচরা মূল্য (যদি থাকে)
(১)	(২)	(৩)	(৪)	(৫)	(৬)	(৭)	(৮)	(৯)	(১০)	(১১)	(১২)	(১৩)	(১৪)	(১৫)	(১৬)

- ১। উক্ত টেবিলে প্রদত্ত তথ্যের সমর্থনে প্রমাণিক দলিলাদি এই ঘোষণা পত্রের সহিত সংযুক্ত করা হইয়াছে।  
 ২। আমি এই মর্মে অঙ্গীকার করিতেছি যে, এই প্রজ্ঞাপনে বর্ণিত অব্যাহতি সুবিধা গ্রহণকল্পে প্রদত্ত সকল তথ্য যথার্থ ও সত্য এবং ইহা নির্ধারণের অনুকূলে সকল দলিলাদি আমার এখতিয়ারে রহিয়াছে।  
 ৩। মূল্য সংযোজন কর কর্তৃপক্ষ কর্তৃক পরিচালিত কোনো তদন্তে উপরি-উক্ত ঘোষণা অসংগতিপূর্ণ বা অসত্য প্রতীয়মান হওয়ার ক্ষেত্রে বোর্ড অব্যাহতি সুবিধা বাতিল করিতে পারিবে ও প্রযোজ্য কর পরিশোধযোগ্য হইবে।  
 তারিখ:

নিবন্ধিত ব্যক্তি/ ব্যবস্থাপনা কর্তৃপক্ষের স্বাক্ষর ও সিল  
 রাষ্ট্রপতির আদেশক্রমে,

(মোঃ মোশাররফ হোসেন ভূঁইয়া, এনডিসি)  
 সিনিয়র সচিব